**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# ৭ নং সদরপুর ইউনিয়ন পরিষদ

**সদরপুর, ফরিদপুর।**

## ইউনিয়ন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব কাজী জাফর, চেয়ারম্যান, সদরপুর ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | ঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ | ঃ ৩১/০৭/২০২৩ ইং |
| সময় | ঃ বেলা ১২:০০ ঘটিকা |

**সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা ঃ (পরিশিষ্ট - ক)**

অদ্য ৩১/০৭/২০২৩ ইং তারিখে সদরপুর ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব কাজী জাফরের সভাপতিত্বে সদরপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সদরপুর ইউনিয়নের জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি সাহেব উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

আলোচ্যসূচী-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা ও সিদ্ধান্তঃ সভায় সভাপতি সাহেবের অনুমক্রিমে বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

আলোচ্যসূচী-২ঃ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমের ক্ষেত্রে ০-১ বছরের শিশুর জন্ম এবং মৃত্যুর ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনে সরকার কর্তৃক ধার্যকৃত টার্গেট পূরনে জোরালো ভূমিকা পালন প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদের উপর আরোপিত কাজ সমূহের মধ্যে জন্ম- মৃত্যু নিবন্ধন কার্যক্রম সর্বাধিক গুরুত্বপূর্ণ। জন্ম-মৃত্যু নিবন্ধন রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয় হতে ০-১ বছরের শিশুর জন্ম নিবন্ধন ও কোন ব্যাক্তির মৃত্যুর তারিখ হতে ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য নির্দেশনা রয়েছে। সেই লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদ তথা নিবন্ধকের কার্যালয়ে রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয় হতে ০-১ বছরের জন্ম ও মৃত্যু নিবন্ধনের একটি টার্গেট ধার্য করেছেন। তিনি জানান উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর মহোদয় প্রত্যেক মাসে ইউনিয়ন পরিষদের সচিবদের উপস্থিতিতে জন্ম-মৃত্যু নিবন্ধনের টার্গেট পূরণে সাফল্য, ব্যর্থতা নিয়ে আলোচনা পর্যালোচনা করেন এবং ব্যর্থতার দায়ে শাস্তিমূলক ব্যবস্থা গ্রনের সিদ্ধান্ত গ্রহন করেছেন। তিনি আরো জানান যে, ধার্যকৃত টার্গেট অনুযায়ী সদরপুর ইউনিয়নে ০-১ বছরের মধ্যে ন্যূনতম ৪৬ টি জন্ম নিবন্ধন এবং ১৩ টি মৃত্যু নিবন্ধন করার লক্ষমাত্রা রয়েছে। তিনি সভায় জানান যে, গত মে ২০২৩ মাস হতে সদরপুর ইউনিয়ন পরিষদ সাফল্যের সাথে ধার্যকৃত টার্গেট পূরণে সক্ষম হয়েছে। তিনি সভায় উপস্থিত ইউপি সদস্য, সচিব, গ্রাম পুলিশ, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, পরিবার কল্যান পরিদর্শকসহ সংশ্লিষ্ট সকল সদস্যগনকে ধন্যবাদ জানিয়ে সাফল্যের ধারাবাহিকতা ধরে রাখার বিষয়ে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি সভায় গত তিন মাসের তথ্য উপাত্ত উপস্থাপনের জন্য উপস্থিত ইউপি সচিবকে অনুরোধ জানালে ইউপি সচিব জন্ম- মৃত্যু নিবন্ধন সার্ভার হতে প্রাপ্ত নিম্নরূপ প্রতিবেদন উপস্থাপন করেন।

CS CamScanner

| মাসের নাম | জন্ম নিবন্ধন | | মৃত্যু নিবন্ধন | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | টার্গেট | অর্জন | টার্গেট | অর্জন | |
| মে/২০২৩ | ৪৬ | ৫৩ | ১৩ | ১৪ | লক্ষমাত্রা |
| জুন/২০২৩ | ৪৬ | ৬২ | ১৩ | ১৩ | অর্জিত |
| জুলাই/২০২৩ | ৪৬ | ৬৩ | ১৩ | ১৪ | হয়েছে। |

সভাপতি সাহেব জন্ম- মৃত্যু নিবন্ধন কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান। অতঃপর সভায় অন্যকোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১/০৭/২০২৩
কাজী জাফর
চেয়ারম্যান
৭নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর,ফরিদপুর।

স্মারক নং- সইপ/সদর/২০২৩- তারিখঃ ৩১/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। জেলা প্রশাসক, ফরিদপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর।
৪। অফিস নথি।

৩১/০৭/২৩
কাজী জাফর
চেয়ারম্যান
৭নং সদরপুর ইউনিয়ন পরিষদ
সদরপুর,ফরিদপুর।

CamScanner

# ০৭ নং সদরপুর ইউনিয়ন পরিষদ

সদরপুর,ফরিদপুর।

ইউনিয়ন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর তারিখঃ

| ক্রমিক নং | নাম | পরিচয় | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | কাজী জাফর | ইউ,পি চেয়ারম্যান | সভাপতি | |
| ০২ | আশা আক্তার | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৩ | রহিমা বেগম | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৪ | ফাহিমা বেগম | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৫ | মোঃ আরিফ মোল্লা | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৬ | মোঃ হাফিজুর | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৭ | মোঃ ইদ্রিস আলী | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৮ | শাহাদাত হোসেন | ইউ,পি সদস্য | সদস্য | |
| ০৯ | মোঃ আবুল হোসেন | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১০ | মোঃ বাবুল বেপারী | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১১ | আঃ রব মোল্লা | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১২ | হানিফ শিকদার | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১৩ | আবু সাঈদ | ইউ,পি সদস্য | সদস্য | |
| ১৪ | দিপালী রানী | সহকারী স্বাস্থ্য পরিদর্শক | সদস্য | |
| ১৫ | মোঃ আবু জাফর | পরিবার কল্যান পরিদর্শক | সদস্য | |
| ১৬ | টিপু সুলতান | এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ১৭ | পারভীন আক্তার | এনজিও প্রতিনিধি | সদস্য | |
| ১৮ | ডাঃ ফিরোজ মাহমুদ | স্থানীয় সমাজ কর্মী | সদস্য | |
| ১৯ | মোঃ হায়দার আলী দেওয়ান | স্থানীয় সমাজ কর্মী | সদস্য | |
| ২০ | মশিউর রহমান | ইউনিয়ন পরিষদ সচিব | সদস্য-সচিব | |

CS CamScanner